

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯২

পর্ব - ১% পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. কাযায়ে হাযাত বা প্রকৃতির ডাকে সাড়া দেয়ার (পায়খানা প্রস্রাবের) বর্ণনা - যে সকল স্থানে পেশাব-পায়খানা নিষিদ্ধ

আরবী

ضعيف. رواه أحمد (2715)

বাংলা

৯২। আহমাদ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, 'পানি আবদ্ধ থাকে এমন ক্ষেত্রে (পায়খানা করা নিষেধ)'। এ দু'টি সানাদের মধ্যেই দুর্বলতা আছে।[1]

English

Ahmad reported from Ibn Abbas (rad) that defecation is prohibited also at the place where water collects. [And both the two (i.e. the previous and this Hadiths) have weakness].

ফুটনোট

[1] যঈফ। আহমাদ ২৭১৫, ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (১/১১৭) গ্রন্থে বলেন, এর সনদে (প্রসিদ্ধ দুর্বল বর্ণনাকারী) ইবনু লাহিয়া রয়েছেন, আর ইবনু আব্বাস থেকে কোন বর্ণনাকারী বর্ণনা করেছেন তা স্পষ্ট নয়। শাইখ আলবানী সহীহুল জামে (১১৩) গ্রন্থে একে হাসান বলেছেন। সহীহ তারাগীব (১৪৭) গ্রন্থে একে হাসান লিগাইরিহী বলেছেন। ইরওয়াউল গালীল (১/১০১) গ্রন্থে বলেন, এর সনদ হাসান হতো যদি এর সনদে যার নাম উল্লেখ হয়নি, তিনি যদি না থাকতেন। ইমাম সুয়ুতী তার আল জামেউস সগীর (১৪০) গ্রন্থে একে সহীহ বলেছেন।



আহমাদ শাকের মুসনাদ আহমাদ (৪/২৫৩) গ্রন্থে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন